

সুরা আল বাকারাহ(হাদীস)

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু
বিসমিল্লাহির রহমানির রাহীম

১০২৩ (রিয়াদুস সালাহীন)। হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস(রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন একদিন জীবরাঈল(আঃ) নবী করীম(সাঃ)-এর কাছে বসেছিলেন। তিনি ওপর থেকে কিছু আওয়াজ শুনে মাথা উঠিয়ে দেখে বলেন, এটি হচ্ছে আসমানের একটি দরজা। আজকের দিনে এটি খোলা হয়েছে। কিন্তু ইতোপূর্বে আর কোনদিন এটা খোলা হয়নি। এরপর এ দরজা দিয়ে একজন ফেরেশতা অবতরণ করেছেন। হযরত জীবরাঈল(আঃ) বলেন, এ ফেরেশতা পৃথিবীতে অবতরণ করেছেন। ইতোপূর্বে আর কখনো সে পৃথিবীতে অবতরণ করেনি। ফেরেশতা তাঁকে (নবী সাঃ) সালাম করে বলেন, সুখবর গ্রহণ করুন, এমন দু'টি নূরের সুখবর গ্রহণ করুন যা আপনাকে দেয়া হয়েছে এবং আপনার পূর্বে আর কোন নবীকে দেওয়া হয়নি। সে দু'টি হচ্ছেঃ সুরা ফাতিহা ও সুরা বাকারার শেষ আয়াত। সে সবার কোন একটি হরফ পড়লেই আপনাকে তার পুণ্য দেয়া হবে।(মুসলিম ৮০৬)

১০১৮ (রিয়াদুস সালাহীন) হযরত আবু মাসুদ আল-বদরী(রাঃ) নবী করীম(সাঃ) থেকে রেওয়ায়েত করেছেন। তিনি বলেনঃ যে ব্যক্তি একরাতে সুরা বাকারার শেষ দু'টি আয়াত (আ-মানার রাসুলু বিমা উনযিলা.....২৮৫, লা- ইউ কাল্লিফুল্লাহ্ নাফসান ইল্লা উসয়াহা.....২৮৬ আয়াত) তিলাওয়াত করে তা তার জন্য যথেষ্ট হয়ে যায়। (বুখারী- ৪০০৮, ৫০০৯, মুসলিম -৮০৮)।

.....